গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্য্যালয়
ইডেন ভবন গণপূর্ত বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ফোন ঃ ৯৫৪০০১৮, ফ্যাক্স ঃ ৯৫৪০১৭১। e-mail: ee_eden@yahoo.com

স্মারক নং- ৩১৯২(৩২)   তারিখঃ ২০/৯/২০১৯

বরাবর

যুগ্ম-সচিব (প্রশাসন)-১
.... মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ সাপ্তাহিক ও অন্যান্য সরকারী ছুটির দিনে মন্ত্রণালয়ের দপ্তর/অফিস খোলার ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমতি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সম্মানের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সচিবালয়ে ০৩(তিন) স্তর বিশিষ্ট নিরাপত্তার ব্যবস্থা রয়েছে। ১ম স্তরে অফিস খোলার দায়িত্ব থাকে অত্র বিভাগের সংশ্লিষ্ট ফরাশের উপর। ২য় স্তরে প্রত্যেক মন্ত্রণালয়ের করিডোরের কলাপসিবল গেট খোলার দায়িত্ব সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের উপর। ৩য় স্তরে ভবনের মূল গেট খোলার দায়িত্ব পুলিশের উপর। তার মন্ত্রণালয় হতে বিভিন্ন সময়ে সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্ব অনুমতি ছাড়া হঠাৎ করে বিভিন্ন অফিস কক্ষ খুলে দেয়ার জন্য অত্র বিভাগ-কে মৌখিক ভাবে অনুরোধ করা হয়। এ অবস্থায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্ব অনুমতি ব্যতিরেকে অত্র বিভাগের সংশ্লিষ্ট ফরাশ মন্ত্রণালয়ের দপ্তর/অফিস খুলতে গেলে প্রায়ই নিরাপত্তার দায়ীত্বে নিয়োজিত কর্মকর্তাদের বাধার সম্মুখিন হতে হয়। যা অত্র বিভাগের জন্য বিব্রতকর।

এমতাবস্থায়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্ব অনুমতি সাপেক্ষে বন্ধের দিনে তার মন্ত্রণালয়ের দপ্তর/অফিস খোলা রাখার জন্য অত্র বিভাগকে পত্র দেয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

(মোহাম্মদমোস্তফা কামাল) ২৫/৯/২০১৯
নির্বাহী প্রকৌশলী
ইডেন ভবন গণপূর্ত বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৭.১৯-১৪৮৪   তারিখ: ১০ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ
২৫ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। সিস্টেম এনালিস্ট (কম্পিউটার সেলের সকল কর্মকর্তা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। লাইব্রেরিয়ান, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

১০/১০/১৯
(শাহিনা খাতুন)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
গবেষণা ও বৃত্তি শাখা
www.ictd.gov.bd

স্বাস্থ্য ও পঃ কঃ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০২৮.৩৩.০০৫.১৯.১১০ তারিখ: ১৩ ভাদ্র ১৪২৬
২৮ আগস্ট ২০১৯

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক প্রদত্ত অনুদানের অর্থে বাস্তবায়নাধীন আইসিটি সংশ্লিষ্ট উদ্ভাবনীমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

সূত্র: জনাব মোঃ সাদ্দাম হোসেন, প্রধান নির্বাহী কর্মকর্তা, Winky Tech-এর ১১-০৭-২০১৯ তারিখে দাখিলকৃত আবেদনপত্র

আইসিটি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক ২০১৭-১৮ অর্থবছরে "সেলফ প্রটেক্ট" শিরোনামে মোবাইল এ্যাপস ভিত্তিক উদ্ভাবনী প্রকল্প বাস্তবায়নের জন্য Winky Tech নামক প্রতিষ্ঠানকে ০২ কিস্তিতে মোট ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়। প্রকল্পটি বাস্তবায়িত হলে নাগরিক নিরাপত্তা, জরুরি সাহায্য ও অপরাধ দমনে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সহায়তা করতে উল্লেখ্যযোগ্য ভূমিকা পালন করবে। বর্তমানে প্রকল্পটি চলমান রয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত বিষয়সমূহে বিভিন্ন সরকারি দপ্তর হতে তথ্য সরবরাহের ক্ষেত্রে এ বিভাগের সার্বিক সহযোগিতা কামনা করে প্রকল্প বাস্তবায়নকারী প্রতিষ্ঠান Winky Tech প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ সাদ্দাম হোসেন একটি আবেদনপত্র দাখিল করেছেন (সংযুক্তি-১)। উল্লেখ্য, এ্যাপসটির কারিগরি কনটেন্টসহ উপযোগিতার বিস্তারিত বিবরণ পৃথক কাগজে এ সাথে সংযুক্ত করা হলো (সংযুক্তি-২)।

(১) প্রকল্পটি বাস্তবায়নের প্রয়োজনে বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার হতে সারাদেশের সকল পুলিশ সুপারের কার্যালয়, থানা, ক্যাম্প, পুলিশ ফাঁড়ি এবং বিট পুলিশের জিওগ্রাফিক্যাল অবস্থান মানচিত্রসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্থায়ী মোবাইল নম্বর, ই-মেইল আইডি প্রদান ও প্রকল্প সম্পর্কে তাদের অবহিতকরণ;

(২) বাংলাদেশ ফায়ার সার্ভিস এর প্রধান কার্যালয় হতে সারাদেশের সকল জেলা ও উপজেলার ফায়ার সার্ভিস অফিসের জিওগ্রাফিক্যাল অবস্থান মানচিত্রসহ, ইমারজেন্সি সাহায্য নম্বর, ই-মেইল আইডি প্রদান ও তাদেরকে প্রকল্প সম্পর্কে অবহিতকরণ;

(৩) স্বাস্থ্য অধিদপ্তর হতে সারাদেশের সকল জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে সরকারি ও বেসরকারি হাসপাতাল, ক্লিনিক, স্বাস্থ্য কেন্দ্র, কমিউনিটি ক্লিনিক, এ্যাম্বুলেন্স, ব্লাড ব্যাংক এর জিওগ্রাফিক্যাল অবস্থান মানচিত্রসহ মোবাইল নম্বর প্রদান ও প্রকল্প সম্পর্কে তাদেরকে অবহিতকরণ;

(৪) বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ সংস্থা (BTRC) হতে প্রকল্পের জন্য হেল্পলাইন হিসেবে ব্যবহারের জন্য একটি টোল ফ্রি শর্টকোড নম্বর প্রদান;

(৫) প্রকল্পটি আইন প্রয়োগকারী সংস্থার সাথে সম্পৃক্ত হওয়ায় প্রকল্পটি সম্পর্কে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অবহিতকরণ।

০২। এমতাবস্থায়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক প্রদত্ত অনুদানের অর্থে বাস্তবায়নাধীন "সেলফ প্রটেক্ট" নামক মোবাইল এ্যাপস ভিত্তিক উদ্ভাবনী প্রকল্প বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিষয়ে বাস্তবায়নকারী প্রতিষ্ঠান Winky Tech-কে বিধিসম্মতভাবে প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহসহ সার্বিক সহযোগিতা প্রদানের জন্য তাঁর আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮-৮-২০১৯
মোহাম্মদ আবুল খায়ের
উপসচিব
ফোন: ০২-৫৫০০৬৮৭০
ইমেইল: mkhayer@ictd.gov.bd

বিতরণ:
১) সচিব, জননিরাপত্তা বিভাগ
২) সচিব, সুরক্ষা সেবা বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৭.১৯-১৪৯৮

তারিখ: ১৩ অক্টোবর, ২০১৯ খ্রি.
২৮ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
৭। লাইব্রেরিয়ান, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(শাহিনা খাতুন)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫

WINKY tech

তাং- ১১/০৭/২০১৯ ইং

15 JUL 2019

ফরহাদ হোসেন
প্রতিমন্ত্রী
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বরাবর,
মাননীয় সচিব মহোদয়,
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ,
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়,
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

বিষয় : প্রকল্প বাস্তবায়নের নিম্নেলিখিত বিষয়ে পদক্ষেপ গ্রহনের জন্য আবেদন।

জনাব,
যথাবিহীত সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে, প্রকল্প **'সেলফ প্রটেক্ট'** অ্যাপ, যা নাগরিক নিরাপত্তা, জরুরী সাহায্য ও অপরাধ দমনে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সহায়তার জন্য একটি মোবাইল অ্যাপ। এটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ২০১৭-২০১৮ অর্থ বছরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে উদ্ভাবনীমূলক প্রকল্প হিসেবে প্রথম ও দ্বিতীয় কিস্তিতে সর্বমোট ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা অনুদান প্রাপ্ত যার মঞ্জুরীকৃত পত্রের স্মারক নং **৫৬.০০.০০০০.০২৮.৩৩.০৯২.১৮-১৫৬ ও ৫৬.০০.০০০০.০২৮.৩৩.০০৫.১৯-২৭৫।** প্রকল্পটি বাস্তবায়নের জন্য নিম্নে উল্লেখিত বিষয়সমূহে আপনার সদয় সাহায্য কামনা করছি।

১. প্রকল্পটি বাস্তবায়নের প্রয়োজনে **বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার** হতে সারাদেশের সকল পুলিশ সুপারের কার্যালয়, পুলিশ থানা, ক্যাম্প, পুলিশ ফাড়ি এবং বিট পুলিশের জিওগ্রাফিকাল অবস্থান মানচিত্রসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্থায়ী মোবাইল নম্বর, ই-মেইল আইডি প্রদান ও প্রকল্প সম্পর্কে তাদের অবহিত করণ।
২. **বাংলাদেশ ফায়ার সার্ভিস** এর প্রধান কার্যালয় হতে সারাদেশের সকল জেলা ও উপজেলার ফায়ার সার্ভিস অফিসের জিওগ্রাফিক্যাল অবস্থান মানচিত্রসহ, ইমারজেন্সি সাহায্য নম্বর, ইমেইল আইডি প্রদান ও তাদেরকে প্রকল্প সম্পর্কে অবহিতকরণ।
৩. **স্বাস্থ্য অধিদপ্তর** হতে সারাদেশের সকল জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে সরকারী ও বেসরকারী হাসপাতাল, ক্লিনিক, স্বাস্থ্যকেন্দ্র, কমিউনিটি ক্লিনিক, অ্যাম্বুলেন্স, ব্লাড ব্যাংক এর জিওগ্রাফিক্যাল অবস্থান মানচিত্রসহ মোবাইল নম্বর প্রদান ও প্রকল্প সম্পর্কে তাদেরকে অবহিতকরণ।
৪. **বাংলাদেশে টেলিযোগাযোগ নিয়ন্ত্রক সংস্থা (BTRC)** হতে প্রকল্পের জন্য হেল্পলাইন হিসেবে ব্যবহারের জন্য একটি টোল ফ্রি শর্টকোড নম্বর প্রদান ও প্রকল্প সম্পর্কে অবহিত করণ।
৫. প্রকল্পটি আইন প্রয়োগকারী সংস্থার সাথে সম্পৃক্ত হওয়ায় প্রকল্পটি সম্পর্কে **স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে** অবহিত করণ।

অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন, প্রকল্পটি বাস্তবায়নের জন্য উল্লেখিত বিষয়সমূহে যথাযথ পদক্ষেপ গ্রহণে মর্জি হয়।

বিনীত নিবেদক

Md. Saddam Hossen
Founder & CEO
Winky Tech

(মো: সাদ্দাম হোসেন),
প্রধান নির্বাহী কর্মকর্তা।

Winky Tech
https://winkytech.com
E-mail: contact@winkytech.com
Cell: +88 01611-311979

"সেলফ প্রটেক্ট" নামক এ্যাপসটির বিনির্মাণ কনটেন্ট এবং উপযোগিতার বিস্তারিত বিবরণ:

অ্যাপটির কারিগরি বিনির্মান কনটেন্টঃ

- ✓ অ্যান্ড্রয়েড প্লাটফর্ম
- ✓ জাভা প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ
- ✓ এক্সএমএল ল্যাঙ্গুয়েজ
- ✓ ফায়ারবেজ এপিআই
- ✓ গুগল ক্লাউড প্লাটফর্ম
- ✓ গিটল্যাব

অ্যাপটির উপযোগিতা:

- "সেলফ প্রোটেক্ট " অ্যাপস যা নাগরিক নিরাপত্তা, জরুরী সাহায্য, নিকটস্থ সেবা ও অপরাধ দমনে আইন-শৃঙ্খলা বাহিনী কে সহায়তা কারী মোবাইল অ্যাপস;
- যেকোনো বিপদের সময় স্মার্টফোনের পাওয়ার বাটনটি পরপর ৩-৪ বার প্রেস করার সঙ্গে সঙ্গেই নিকটস্থ আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থা ও ফ্রেন্ডস এবং ফ্যামিলির কাছে ব্যক্তির অডিও, ফুটেজ এবং অবস্থান মানচিত্রসহ প্রয়োজনীয় বার্তা পৌঁছে যাবে;
- ফোন হারানো বা মোবাইল ফোনের সিম পরিবর্তন করলে ফোনটির অবস্থান, ব্যবহৃত নতুন সিমের সিরিয়াল নম্বর ও ফোনের আইএমইআই নম্বর অ্যাপে সেটআপকৃত ফ্রেন্ডস এবং ফ্যামিলি নম্বরে পৌঁছে যাবে। এমনকি জরুরি সেবা যেমন পুলিশ স্টেশন, হাসপাতাল, ফায়ার সার্ভিস, অ্যাম্বুলেন্স, ব্লাড ব্যাংক ইত্যাদির লোকেশনসহ যোগাযোগ নম্বর পাওয়া যাবে;
- এটি থেকে নিকটস্থ বাস-স্ট্যান্ড, এটিএম বুথ, ব্যাংক, রেস্টুরেন্ট, শপিংমল ইত্যাদি অ্যাপ স্ক্রিনে পাওয়া যাবে এবং ব্যবহারকারী তা থেকে তার প্রয়োজনীয় সেবাটা গ্রহণ করতে পারবে;
- এছাড়াও আইন-প্রয়োগকারী সংস্থা, মানবাধিকার কমিশন, আইনী সহায়তা কেন্দ্র, দুর্নীতি দমন কমিশন এর কাছে প্রয়োজনীয় অভিযোগ এবং মতামত জানানো যাবে।